

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.৫৭.২০২৩. ৪৫৯

তারিখ: ২৬ জানু ১৪৩০ বঙ্গাব্দ  
০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

**অভিযোগনামা**

যেহেতু, আপনি জনাব মো: আব্দুর রাজ্জাক (১৬১৩৪১৫৬০৪০), প্রভাষক (হিসাববিজ্ঞান), রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি, প্রাক্তন প্রভাষক (হিসাববিজ্ঞান), নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী কর্মকালীন সরকার বিরোধী উস্কানিমূলক বক্তব্য প্রদান করে সরকারের ভাবমূর্তি নষ্ট করেন ও কর্তৃপক্ষের বিনা অনুমতিতে সামাজিক যোগাযোগ মাধ্যমে অসত্য বানোয়াট ও বিভ্রান্তিমূলক তথ্য সরবরাহ করে কলেজ প্রশাসনকে বিব্রত করেন;

০২। যেহেতু, আপনি হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর সৈয়দ মো: ওমর হাফিজ, আইডি নং-৭৬৭২ এর সাথে অসদাচরণ, অন্যান্য সহকর্মীদের সাথে অসৌজন্যমূলক আচরণ ও শিক্ষকদের মধ্যে উস্কানিমূলক বক্তব্য দিয়ে দলাদলি সৃষ্টি করে কলেজের ভাবমূর্তি ক্ষুণ্ণ করেন;

০৩। যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

০৪। সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।

(সোলেমান খান)  
০৭/০২/২৩  
(সোলেমান খান)  
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

**বর্তমান কর্মস্থল:**

জনাব মো: আব্দুর রাজ্জাক  
প্রভাষক (হিসাববিজ্ঞান), রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি।

**স্থায়ী ঠিকানা:**

জনাব মো: আব্দুর রাজ্জাক  
পিতা: মো: হযরত আলী  
গ্রাম: গোকুল নগর পশ্চিমপাড়া, ডাকঘর-খিদিরপুর  
উপজেলা-আটঘরিয়া, জেলা-পাবনা।

**অনুলিপি:**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।  
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।


## অভিযোগ বিবরণী

জনাব মো: আব্দুর রাজ্জাক (১৬১৩৪১৫৬০৪০), প্রভাষক (হিসাববিজ্ঞান), রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি, প্রাক্তন প্রভাষক (হিসাববিজ্ঞান), নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী কর্মকালীন উস্কানিমূলক বক্তব্য প্রদানে উৎসাহিত করণ, অসত্য বানোয়াট ও বিভ্রান্তিমূলক তথ্য সরবরাহ করে কলেজের ভাবমূর্তি নষ্টকরণ, সহকর্মীদের সাথে অসৌজন্যমূলক আচরণের কারনে অধ্যক্ষ, নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী জরুরি ভিত্তিতে তাকে অনত্র বদলি ও তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক প্রস্তুতকৃত খসড়া অভিযোগনামা ও অভিযোগ বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ করেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ নিম্নরূপ:

০১। সরকার বিরোধী উস্কানিমূলক বক্তব্য প্রদান করে সরকারের ভাবমূর্তি নষ্ট করেন ও কর্তৃপক্ষের বিনা অনুমতিতে সামাজিক যোগাযোগ মাধ্যমে অসত্য বানোয়াট ও বিভ্রান্তিমূলক তথ্য সরবরাহ করে কলেজ প্রশাসনকে বিব্রত করা;

০২। হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর সৈয়দ মো: ওমর হাফিজ, আইডি নং-৭৬৭২ এর সাথে অসদাচরণ, অন্যান্য সহকর্মীদের সাথে অসৌজন্যমূলক আচরণ ও শিক্ষকদের মধ্যে উস্কানিমূলক বক্তব্য দিয়ে দলাদলি সৃষ্টি করে কলেজের ভাবমূর্তি ক্ষুণ্ণ করা।

জনাব মো: আব্দুর রাজ্জাক (১৬১৩৪১৫৬০৪০), প্রভাষক (হিসাববিজ্ঞান), রামগড় সরকারি কলেজ, খাগড়াছড়ি, প্রাক্তন প্রভাষক (হিসাববিজ্ঞান), নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

  
(সোলেমান খান)  
সচিব